# যুগান্তর

তারিখ ১ 5 JAN 20 3
পৃষ্ঠা ১৫ কলাম ৩



*বরিশাল : বাইশারী ডিগ্রি পরীক্ষা কেন্দ্রে এক পরীক্ষার্থীর দেহ তল্লাশি করে নকল উদ্ধার করলেন ইউএনও -যুগান্তর*

## বাইশারী কেন্দ্রে শিথিল পরিবেশে ডিগ্রি পরীক্ষা

**বরিশাল ব্যুরো**

ষাটজন পরীক্ষার্থীর জন্য বানারীপাড়ার বাইশারী সৈয়দ আজিজুল হক কলেজে ডিগ্রি পরীক্ষার কেন্দ্র স্থাপিত হয়েছে। সন্ধ্যা পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীরা নকল করছে। কক্ষ পরিদর্শক, সরকারি পদস্থ কর্মকর্তারা নকলসহ পরীক্ষার্থীদের ধরছেন অথচ বহিষ্কার করছেন না। শনিবার বাংলা পরীক্ষা চলাকালে ওই কেন্দ্রে ঢুকেই দেখা যায় স্থানীয় এক রাজনৈতিক নেতা কেন্দ্রের এনক্লোজারের মধ্যে চেয়ার পেতে বসে আছেন। দায়িত্বরত এক পুলিশ কর্মকর্তা অভিযোগ করেন, বাইরে কোন ঝামেলা নেই কিন্তু ভেতরে নকলের সুযোগ দেয়া হচ্ছে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তা প্রশান্ত কুমার সরকার এক বস্তা নকল উদ্ধার করেন। বেলা আনুমানিক ১২টায় ইউএনও বাসুদেব গাঙ্গুলী ১ নম্বর কক্ষে তল্লাশি করে একজন পরীক্ষার্থীর কাছে নকল পান। তার খাতা নিয়ে আধ ঘণ্টা পর ফিরিয়ে দেয়ার নির্দেশ দেয়া হল। শিক্ষকরাও নকল ধরেছেন। বহিষ্কার করেননি।